



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৪৩৩

তারিখ: ৫ শ্রাবণ ১৪২৬

২০ জুলাই ২০১৯

প্রাপক:

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৩) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)
- ৪) ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল)

বিষয়: আকস্মিক বন্যা হতে সরকারি খাদ্যশস্য রক্ষাকল্পে সম্পূরক নির্দেশনা।

সূত্র: চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ২১/০৬/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, প্রয়োজনীয় প্রতিরোধ ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে আকস্মিক বন্যা হতে সরকারি গুদামে মজুত খাদ্যশস্যের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে পানিরোধক দেওয়াল (Baffle Wall) নির্মাণসহ বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। বর্তমানে বন্যা পরিস্থিতির আরও অবনতি হওয়ায় বাফেল ওয়াল থাকা সত্ত্বেও গুদামের ফাটল দিয়ে কোন কোন গুদামে বন্যার পানি প্রবেশের ঘটনা ঘটেছে। যে সকল গুদামের বন্যার পানি প্রবেশের আশংকা রয়েছে সে সকল গুদামে অন্তত ১০ ইঞ্চি প্রশস্ত পানিরোধক দেওয়াল (Baffle Wall) তৈরির পাশাপাশি নেট সিমেন্ট ফিনিশিং দ্বারা গুদামের ফাটলসমূহ বন্ধ করা হলে খাদ্যশস্য সুরক্ষা করা যেতে পারে। এছাড়া পানিরোধক দেওয়াল (Baffle Wall) উপচে পানি গুদামের ভিতরে প্রবেশের সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে খাদ্যশস্য অন্যত্র সরানোর প্রয়োজন হতে পারে।

এমতাবস্থায়, বন্যার আশংকায়ুক্ত খাদ্য গুদামসমূহে অন্তত ১০ (দশ) ইঞ্চি প্রশস্ত পানিরোধক দেওয়াল (Baffle Wall) নির্মাণের পাশাপাশি নেট সিমেন্ট ফিনিশিং এর মাধ্যমে গুদামের অভ্যন্তরের ফাটলসমূহ বন্ধ করতে হবে। কোন ক্ষেত্রে পানিরোধক দেওয়াল (Baffle Wall) উপচে বন্যার পানি খাদ্য গুদামে প্রবেশের সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে বাফেল ওয়াল উচ্চতা বৃদ্ধির উপকরণসমূহ ও পানি নিষ্কাশন পাম্প প্রস্তুত রাখতে হবে। এছাড়া মারাত্মক বন্যা পরিস্থিতিতে সরকারি খাদ্যশস্য ক্ষয়ক্ষতি হতে রক্ষাকল্পে পরিস্থিতি বিবেচনায় মজুত খাদ্যশস্য সময়মত অন্য গুদামে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

...

২১-৭-২০ ১৯

ড. মোহাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- সদয় অবগতির জন্য;
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ৩) সকল পরিচালক/প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ;
- ৪) সাইলো সুপার (সকল);
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর - ওয়েব সাইটে প্রকাশের জন্য;



১১-৭-২০ ১৯

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক